DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 15 Jul 2026, 12:29 PM

সারাদেশ

# এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে রাজশাহীতে বিক্ষোভ পরীক্ষার্থীদের

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৪ জুলাই ২০২৬, ০৫:১৫ PM



ছবি; সংগৃহীত

বৈরী আবহাওয়ার কারণে এইচএসসি ও সমমানের পরীক্ষা পেছানোর দাবিতে রাজশাহী শিক্ষাবোর্ডে বিক্ষোভ করেছেন পরীক্ষার্থীরা।

মঙ্গলবার (১৪ জুলাই) দুপুর সাড়ে ১২টার দিকে রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড প্রাঙ্গণে জড়ো হয়ে বিক্ষোভ শুরু করেন তারা।

এ সময় পরীক্ষার্থীরা শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন এবং শিক্ষাবোর্ড সংশ্লিষ্টদের বিরুদ্ধে স্লোগান দেন।

পরীক্ষার্থীরা জানান, বৈরী আবহাওয়া ও বন্যা পরিস্থিতির কারণে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনের পরীক্ষার্থীরা অবর্ণনীয় ভোগান্তির মধ্যে পরীক্ষায় অংশ নিয়েছে। ১১ হাজার পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে পারেনি। যারা পরীক্ষা দিতে পারেনি তাদের পুনরায় পরীক্ষা দেওয়ার

সুযোগ দিতে হবে। এছাড়াও সামনের পরীক্ষা শুধু চট্টগ্রাম শিক্ষা বোর্ড নয়, সারাদেশে পেছাতে হবে। চলমান পরীক্ষায় অভিন্ন প্রশ্নপত্র সহজ করার দাবি তোলেন কেউ কেউ। একই সাথে প্রশ্নপত্রের বিভিন্ন ত্রুটি ও শিক্ষার্থীদের নিয়ে মন্ত্রীর ব্যাঙ্গ মন্তব্যের প্রতিবাদ জানান তারা।

এ বিষয় নিয়ে রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ দুই দফায় শিক্ষার্থীদের সাথে কথা বলেছে। তবে বিষয়টি নিয়ে বোর্ড কর্তৃপক্ষ অনুষ্ঠানিকভাবে কোনো বক্তব্য দেয়নি।

---

## এ বিভাগের আরও খবর



**বঙ্গোপসাগরে লঘুচাপ: ৪ সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত**
বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের কারণে চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলেছে আবহাওয়া অধি...




**তুমি কে, আমি কে, ফার্মের মুরগি স্লোগানে মুখরিত বগুড়া**
দুর্যোগপূর্ণ পরিস্থিতির মধ্যে এইচএসসি পরীক্ষা নেওয়া, প্রশ্নের মান কঠিন হওয়া এবং পদার্থবিজ্ঞান পরীক্ষার আগে পর্যাপ্ত সময় না দেওয়ার অভিযোগে শ...



**ক্ষমা চেয়ে স্ট্যাটাস, কয়েক ঘণ্টা পর মিলল ছাত্রদল নেতার ঝুলন্ত লাশ**
ফেসবুকে ক্ষমা চেয়ে একটি স্ট্যাটাস দেওয়ার কয়েক ঘণ্টা পর ময়মনসিংহের ফুলপুর উপজেলার ছাত্রদলের এক নেতার ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।মঙ্গলবার...



**কক্সবাজারে বন্যায় নিহতের সংখ্যা বেড়ে ৩০, ক্ষতিগ্রস্ত ৬৯ ইউনিয়ন**
কক্সবাজারে দীর্ঘ ১০ দিন পর বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। চকরিয়া, পেকুয়া, রামু, ঈদগাঁও ও কক্সবাজার সদর উপজেলা থেকে বন্যার পানি নামতে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/eichessi-priksha-pechhanor-dabite-rajshahite-bikshobh-priksharthider